# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
## Date 13-04-2025 Time: 7.35 A.M.

১) আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কলকাতা হাইকোর্টের নির্দেশে মুর্শিদাবাদের উপদ্রুত এলাকাগুলিতে মোতায়েন করা হচ্ছে কেন্দ্রীয় বাহিনী।

২) মুর্শিদাবাদের পরিস্থিতি নিয়ে মুখ্য সচিব এবং পুলিশের ডিজি-র সঙ্গে কথা বলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন।

৩) চাকরিতে পুনর্বহাল এবং যোগ্য-অযোগ্যদের নির্ভুল তালিকা প্রকাশের দাবিতে ধর্মতলার ওয়াই চ্যানেলে ধর্ণায় বসেছেন চাকরিহারা শিক্ষকদের একাংশ।

বিধাননগরে এস এস সি ভবনের সামনে চাকরিহারাদের অনশন আজ চতুর্থ দিনে পড়লো।

৪) রোজভ্যালি চিটফান্ড কান্ডে প্রতারিতদের টাকা ফেরতের জন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রক ৫১৫ কোটি টাকারও বেশি অ্যাসেট ডিসপোজাল কমিটির হাতে তুলে দিয়েছে।

৫) লীগ শিল্ড জয়ের পর এবার আই এস এল কাপেও চ্যাম্পিয়ান মোহনবাগান।

০০০০০০০০০০০০০০০০০

হাইকোর্টের নির্দেশের পরই মুর্শিদাবাদের অতি স্পর্শকাতর জায়গাগুলি চিহ্নিত করে আধা সেনা মোতায়েন করা হচ্ছে। সুতি ও সামশেরগঞ্জে নতুন করে অশান্তি না ছড়ালেও পরিস্থিতি থমথমে। চলে যাচ্ছি আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুখের কাছে। মামুন, এই মুহূর্তে জেলা সার্বিক চিত্রটা কি ?

(ভয়েসকাস্ট – মামুন)

এদিকে, গতকাল সন্ধ্যায় বহরমপুর পৌঁছে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার মুর্শিদাবাদ পুলিশ জেলার সুপার সূর্যকুমার যাদব এবং জেলা পুলিশের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। সেখান থেকে জঙ্গীপুরে পৌঁছে ডিজি বিএসএফ-এর দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের দুই শীর্ষ কর্তার সঙ্গে কথা বলেন।

এর আগে গতকাল ভবানী ভবনে এক সাংবাদিক বৈঠকে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার আইনভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপের হুঁশিয়ারী দিয়েছিলেন।

০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদ জেলায় হিংসার ঘটনার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন গতকাল এরাজ্যের মুখ্যসচিব এবং রাজ্য পুলিশের মহানির্দেশকের সঙ্গে ভিডিও কনফারেন্সে কথা বলেছেন। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার তাঁকে জানিয়েছেন, উত্তেজনাপূর্ণ হলেও পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। পুলিশের সক্রিয়তার কারনে দেড়শোরো বেশি গ্রেপ্তার হয়েছে। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশকে সহায়তা করছে বিএসএফ।

এদিকে, গোবিন্দ মোহন জানিয়েছেন, মুর্শিদাবাদে প্রায় ৩০০ বিএসএফ জওয়ান ছাড়াও রাজ্য সরকারের অনুরোধে আরও ৫ কোম্পানি জওয়ান মোতায়েন করা হয়েছে। তিনি রাজ্য প্রশাসনকে অন্যান্য সংবেদনশীল জেলাগুলিতেও নজর রাখার এবং প্রয়োজনে দ্রুত উপযুক্ত পদক্ষেপ করার পরামর্শ দিয়েছেন। কেন্দ্রও পরিস্থিতির উপর লাগাতার নজর রাখছে বলে তিনি জানিয়েছেন। প্রয়োজনে অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হবে বলেও আশ্বাস দিয়েছেন স্বরাষ্ট্র সচিব।

০০০০০০০০০০০০০০০০০

উল্লেখ্য, মুর্শিদাবাদে অশান্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে রাজ্য প্রশাসনকে সহায়তার জন্য কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা যাবে বলে গতকাল জানিয়েছে কলকাতা হাইকোর্ট। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর করা একটি আবেদনের ওপর জরুরী শুনানির জন্য গঠিত বিশেষ ডিভিশন বেঞ্চ এই নির্দেশ দিয়েছে। রাজ্যের বেশ কয়েকটি জায়গায় ওয়াকফ সংশোধনী আইনকে কেন্দ্র করে অশান্তির অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন শুভেন্দু বাবু। বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি রাজা বসু চৌধুরীর ডিভিশন বেঞ্চে এর শুনানি হয়। সওয়াল জবাব চলাকালীন রাজ্যের আইনজীবী আদালতকে জানান যে, প্রশাসন নিজেরাই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সক্ষম। এডিজি পদমর্যাদার পুলিশ আধিকারিকরা দায়িত্বে রয়েছেন। শুভেন্দু অধিকারীর পক্ষে দাবী করা হয় যে, রাজ্য পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ব্যর্থ।

এদিকে, সওয়াল জবাব চলাকালীন ডিভিশন বেঞ্চ পর্যবেক্ষণে জানায়, যে ধরনের অভিযোগ আসছে, তাতে চোখ বন্ধ করে থাকা যায়না। কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার উদ্দেশ্য হচ্ছে, রাজ্য প্রশাসনকে সহায়তা করা যাতে রাজ্যের মানুষের শান্তি ও নিরাপত্তা সুনিশ্চিত হয়। এই জেলাগুলোর পরিস্থিতি নিয়ে মামলাকারী পরবর্তী শুনানিতে হলফনামা দিয়ে নিজের বক্তব্য জানাতে পারেন। পাশাপাশি রাজ্যও চাইলে এই জেলাগুলোতে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করতে পারে। রাজ্যের এডিজি আইন শৃঙ্খলা ও কেন্দ্রের ক্ষেত্রে এডিজি CISF-কে নোডাল অফিসার হিসাবে নিয়োগ করা হয়েছে। তারা আগামী ১৭ এপ্রিল কলকাতা হাইকোর্টে এলাকার বর্তমান পরিস্থিতি নিয়ে রিপোর্ট দেবে।

ooooooooooooooooo

রাজ্যে ওয়াকফ সংশোধনী আইন বলবত্‍ করা হবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ফের আশ্বাস দিয়েছেন। সকল ধর্মের মানুষকে সংযত থাকার আবেদন জানিয়েছেন তিনি। আজ এক্স হ্যান্ডেলে এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, কিছু মানুষ রাজনৈতিক স্বার্থে দাঙ্গার মাধ্যমে সমাজের ক্ষতি করছে। যে আইনের বিরুদ্ধে এই আন্দোলন তা রাজ্য সরকারের আইন নয় বলে মমতা ব্যানার্জী জানান। তিনি বলেন, রাজ্য সরকার এই আইনটিকে কোনোভাবেই সমর্থন করে না। দাঙ্গায় উষ্কানি দেওয়া সকলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি স্পষ্ট জানিয়েছেন। কোনোরকম প্ররোচোনায় পা না দেওয়ার আবেদন জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০

বিজেপি মুর্শিদাবাদের ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, কেন্দ্রীয় আইনের বিরোধিতা করা দেশের সংবিধান ও সার্বভৌমত্বের প্রতি চরম অবজ্ঞা প্রদর্শনের সমতুল্য। এই ধরনের আইনবিরুদ্ধ ও অসংবিধানিক কর্মকাণ্ডে লিপ্ত হয়ে মুখ্যমন্ত্রীর চেয়ারে থাকার অধিকার নেই। সুকান্ত বাবু অভিযোগ করেন, সংশোধিত নাগরিকত্ব আইনের বিরুদ্ধে বিক্ষোভের সময় ক্রমাগত প্ররোচনামূলক মন্তব্য করে মুখ্যমন্ত্রী সংখ্যালঘু সম্প্রদায়কে বিভ্রান্ত এবং আন্দোলনকে হিংসায় পরিণত করেছিলেন। আবারও তিনি নৈরাজ্য তৈরির চেষ্টা করছেন।

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করে অভিযোগ করেন পরিস্থিতি হাতের বাইরে চলে যাচ্ছে দেখে মুখ্যমন্ত্রী এখন বিপদে পড়ে আবেদন জানাচ্ছেন। তবে সমগ্র মুর্শিদাবাদ ও মালদার নিয়ন্ত্রণ সরকারের হাতে নেই। জঙ্গি সংগঠনগুলির হাতে নিয়ন্ত্রণ চলে গেছে।

বাইট

মুর্শিদাবাদে ঝামেলার পেছনে বিজেপি-র হাত রয়েছে বলে তৃণমূলের মুখপাত্র কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

(বাইট – কুনাল)

০০০০০০০০০০০০০০০০০

রাজনৈতিকভাবে মোকাবিলা করতে না পেরে, ধর্মের নামে অনেকে রাজ্যকে অশান্ত করতে চাইছেন বলে তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন। গতকাল সোদপুরে এক অনুষ্ঠানে তিনি সকলকে বাংলার কৃষ্টি, সংস্কৃতি, শান্তি, শৃঙ্খলা এবং সম্প্রীতি অক্ষুণ্ণ রাখার আর্জি জানান। শিক্ষকদের চাকরি বাতিল নিয়ে অভিষেক বলেন, কিছু অযোগ্য লোকের জন্য এত যোগ্য মানুষের চাকরি কেড়ে নেওয়া ঠিক নয়। রাজ্যের একশো দিনের কাজ, আবাস যোজনার টাকা বন্ধ করে দেওয়া নিয়েও প্রশ্ন তোলেন অভিষেক।

০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইট এর বিষয় সুপুষ্টি পক্ষ। অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গ সরকারের নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তরের অধীন সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প প্রাধিকরণের যুগ্ম অধিকর্তা দেবারতি সরকার। কথা বলেছেন কল্যাণ লাহা।

তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার প্রথম পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সপ্তরিতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০

চাকরি ফেরতের দাবি-তে কলকাতার মেয়ো রোড থেকে সরে ধর্মতলায় ওয়াই চ্যানেলে অবস্থান শুরু করেছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষকদের একাংশ। আবার বিধাননগরের এসএসসি ভবনের সামনেও যোগ্য চাকরিহারাদের আরেকটি অংশের অনশন আজ চতুর্থ দিনে পড়ল। যোগ্য শিক্ষক ও শিক্ষাকর্মী অধিকার মঞ্চের সদস্যরা মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশে ১১ তারিখ থেকে অবস্থান শুরু করেছিলেন। ওই জায়গায় অন্য কর্মসূচি থাকায় পুলিশ তাঁদের সরে যেতে অনুরোধ জানায়। এরপর তাঁরা ধর্মতলার ওয়াই চ্যানেলে অবস্থান শুরু করেছেন।

অন্যদিকে, বিধাননগরের এসএসসি ভবনের সামনে চাকরি হারানো শিক্ষকদের আরেকটি অংশ পুলিশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ তুলেছেন। অনশনস্থলে পুলিশ ছাউনি দিতে বাধা দিয়েছে, এমনকি জল দিতেও বাধা দেওয়া হচ্ছে বলে তাঁদের অভিযোগ। যোগ্যদের চাকরিতে পুনর্বহাল, যোগ - অযোগ্যদের তালিকা প্রকাশ এবং ওএমআর শীটের মিরর ইমেজ যতদিন না প্রকাশিত হচ্ছে, ততদিন আন্দোলনের রাস্তা থেকে সরবেন না বলে জানিয়েছেন অনশনকারী এক শিক্ষক।

বিরোধীরা চাকরিহারা যোগ্য শিক্ষকদের ক্ষতি করতে চাইছে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু অভিযোগ করেছেন।

০০০০০০০০০০০০০০০০

রোজভ্যালি চিটফান্ড কান্ডে প্রতারিতদের টাকা ফেরতের জন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রক আজ এ সংক্রান্ত অ্যাসেট ডিসপোজাল কমিটি-এডিসি-র হাতে ৫১৫ কোটি টাকার বেশি তুলে দিয়েছে। অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী, গতকাল এডিসি-র চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি ডি কে শেঠ-এর হাতে এই অর্থ তুলে দেন। ইডির অধিকর্তা রাহুল নবীন এবং আধিকারিকরা সেখানে উপস্থিত ছিলেন। প্রায় সাড়ে সাত লক্ষ ক্ষতিগ্রস্ত এর ফলে তাদের টাকা ফেরত পাবেন বলে মনে করা হচ্ছে।

এর আগে ইডি ২২ কোটি টাকা কমিটির হাতে তুলে দিয়েছিল।

০০০০০০০০০০০০০০০০

আজ নীল পুজো। চৈত্র সংক্রান্তির আগের দিন পালিত হয়ে থাকে নীল ষষ্ঠী পুজো। পরিবারের সমৃদ্ধি ও মঙ্গল কামনায় দেবাদিদেব মহাদেব, সেই সঙ্গে মাতা পার্বতীর পুজো করা হয় নীল ষষ্ঠীতে। এদিন অনেকে উপবাস করে নীল ষষ্ঠীর ব্রত পালন করে থাকেন। শিবের মন্দির গুলিতে সমাগম হয় ভক্তদের।

০০০০০০০০০০০০০০০০

লিগ শিল্ড জয়ের পর আইএসএল কাপেও চ্যাম্পিয়ন হয়েছে মোহনবাগান। যুবভারতী ক্রীড়াঙ্গনে উত্তেজনাপূর্ণ ম্যাচে গতকাল তারা বেঙ্গালুরু এফ সি কে ২-১ গোলে হারিয়ে দেয়। আলবার্তো রদ্রিগেজের আত্মঘাতী গোলে মোহনবাগান পিছিয়ে পড়লেও জেসন কামিন্স ও জেমি ম্যাকলারেন দলকে জয় এনে দেন। একটি প্রতিবেদন

(ভয়েস কাস্ট – অরিজিৎ)

ইন্ডিয়ান সুপার লিগ জয়ের জন্য মোহনবাগান দলকে শুভেচ্ছা জানিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০